গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল
আইসিটি শাখা
www.barisaldiv.gov.bd

স্মারক নম্বর: ০৫.১০.০০০০.০১১.১০.০০১.২৫.১৫

তারিখ : ০৯ বৈশাখ ১৪৩২ / ২২ এপ্রিল ২০২৫

বাংলাদেশ ফরম নং-২৭০

আদেশপত্র

(১৯১৭ সালের রেকর্ড ম্যানুয়েলের ১২৯ নং বিধি)

আদেশপত্র, তারিখ----১০ এপ্রিল ২০২৫----হইতে----২২ এপ্রিল ২০২৫----পর্যন্ত।

বরিশাল বিভাগ- বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল ২০২৫-সালের----২২ এপ্রিল ২০২৫----পর্যন্ত।

মামলার ধরণ-তথ্য অধিকার আইন ২০০৯ এর ২৪ ধারা মোতাবেক আপীল (**নম্বর-০২/২০২৫**)

আদেশের ক্রমিক নং ও তারিখ	আদেশ ও অফিসারের স্বাক্ষর	আদেশের উপর গৃহীত ব্যবস্থা
০২ ২২/০৪/২০২৫	আপিলকারী জনাব মোঃ ইউসুফ আলী, পিতা: মৃত নূর মোহাম্মদ আকন, মাতা: সামসুন্নাহার বেগম, গ্রাম: মিশ্রিপাড়া, পো: নতুনপাড়া, কলাপাড়া, পটুয়াখালী-এর গত ১০ এপ্রিল ২০২৫ তারিখের আপিল আবেদনের শুনানির দিন ধার্য। এ কার্যালয়ের গত ১৭ এপ্রিল ২০২৫ তারিখের ০৫.১০.০০০০.০১১.১০.০০১.২৫.১৪ নম্বর স্মারকের পত্র মারফত শুনানির নোটিশ জারি করা হয়। জেলা প্রশাসক, পটুয়াখালী-এর প্রতিনিধি জনাব মোঃ জিয়াউল হাসান সৌরভ, সহকারী কমিশনার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এবং আপিলকারী উভয়ে উপস্থিত হয়ে হাজিরা দাখিল করেছেন। **দেখলাম।** আপিলকারীর আবেদন পর্যালোচনায় দেখা যায় যে, জনাব মোঃ ইউসুফ আলী গত ১০ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী জনাব মোঃ জিয়াউল হাসান সৌরভ, সহকারী কমিশনার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) বরাবর নিম্নলিখিত তথ্য প্রাপ্তির আবেদন দাখিল করেন: "০১. ভারপ্রাপ্ত কর্মকর্তা, রেকর্ডরুম শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, পটুয়াখালী বরাবর আমার ০৯-১০-২৪ তারিখের ১১২১২ নম্বর দরখাস্তে চাহিত বন্দোবস্ত কেস ৩-কে/১৯৬৭-৬৮ এর সহিমোহর নকল ০২. ভারপ্রাপ্ত কর্মকর্তা, রেকর্ডরুম শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, পটুয়াখালী বরাবর আমার ০৯-১০-২৪ তারিখের ১১২১৩ নম্বর দরখাস্তে চাহিত লতাচাপলী-৩৪ মৌজার এস এ সংশোধনী খতিয়ান ১২৮০ ০৩. জেলা প্রশাসক পটুয়াখালী বরাবর আমার ০৩-১২-২০২৪ তারিখের ৭৮১২২০২৪১২০৩-৩০১ নম্বর দরখাস্তে চাহিত প্রতিকার ০৪. ভারপ্রাপ্ত কর্মকর্তা, রেকর্ডরুম শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, পটুয়াখালী বরাবর আমার ০৯-১০-২৪ তারিখের ১১২১২ নম্বর দরখাস্তে চাহিত বন্দোবস্ত কেস ৩-কে/১৯৬৭-৬৮ এর সহিমোহর নকল প্রদানে	

নিরবতা বৈধ হলে তার ভিত্তি সংক্রান্ত বিধির কপি

০৫. ভারপ্রাপ্ত কর্মকর্তা, রেকর্ডরুম শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, পটুয়াখালী বরাবর আমার ০৯-১০-২৪ তারিখের ১১২১৩ নম্বর দরখাস্তে চাহিত লতাচাপলী-৩৪ মৌজার এস এ সংশোধনী খতিয়ান ১২৮০ প্রদানে নিষ্ক্রিয়তা বৈধ হলে তার ভিত্তি সংক্রান্ত বিধির কপি

০৬. জেলা প্রশাসক পটুয়াখালী বরাবর আমার ০৩-১২-২০২৪ তারিখের ৭৮১২২০২৪১২০৩-৩০১ নম্বর দরখাস্তে চাহিত প্রতিকার প্রদানে নিরবতা বৈধ হলে তার ভিত্তি সংক্রান্ত বিধির কপি

০৭. জেলা প্রশাসক, পটুয়াখালী মহোদয়ের অধীনস্ত কর্মকর্তাদের ইচ্ছানীতি নিয়ন্ত্রণের পদ্ধতি ও কৌশল থাকলে তার কপি

০৮. জেলা প্রশাসক, পটুয়াখালী মহোদয়ের অধীনস্ত কর্মকর্তাদের ক্ষমতার অপব্যবহার ও দুর্নীতি দমনের ব্যবস্থা থাকলে তার কপি

০৯. জেলা প্রশাসক, পটুয়াখালী মহোদয়ের অধীনস্ত কর্মকর্তাদের স্থানীয় দালালের সাথে অনৈতিক ও রাজনৈতিক যোগসাজশ নিয়ন্ত্রণের ব্যবস্থা থাকলে তার কপি ৩৬ কার্যদিবস অতিবাহিত হওয়ার পরেও না পাওয়া।"

নির্ধারিত সময়ের মধ্যে যাচিত তথ্য পাননি মর্মে উল্লেখ করে গত ১০ এপ্রিল ২০২৫ তারিখ বিভাগীয় কমিশনার, বরিশাল বরাবর আপিলকারী আবেদন দাখিল করেছেন।

জেলা প্রশাসক, পটুয়াখালী এর প্রতিনিধির বক্তব্য:

জেলা প্রশাসক, পটুয়াখালী এর প্রতিনিধি জনাব মোঃ জিয়াউল হাসান সৌরভ, সহকারী কমিশনার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তাঁর বক্তব্যে জানান যে, জেলা প্রশাসকের কার্যালয়, পটুয়াখালী-এর গত ০৫ মার্চ ২০২৫ তারিখের ০৫.১০.৭৮০০.০২২.০৩.০০১.১৪৫ নম্বর স্মারকে আপিলকারীর যাচিত তথ্যাদি সরবরাহ করা হয়েছে। তবে সংশ্লিষ্ট অফিস সহকারীর অনিচ্ছাকৃত ত্রুটির জন্য পত্রটি যথা সময়ে জারি করা হয়নি। এই কারণে উক্ত অফিস সহকারীকে বিধি মোতাবেক কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়েছে।

আপিলকারীর বক্তব্য:

আপিলকারী জানান যে, তাঁকে তাঁর যাচিত তথ্য নির্ধারিত সময়ের মধ্যে প্রদান করা হয়নি। তাই তিনি আপিল করেছেন।

পর্যালোচনা ও সিদ্ধান্ত:

উভয়পক্ষের বক্তব্য, জবাব ও দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনা করা হলো। প্রতীয়মান হয় যে, আপিলকারীর যাচিত ১ ও ২ নং ক্রমিকের তথ্যাদি রেকর্ডরুম হতে যথাযথ আবেদনের মাধ্যমে বিধি মোতাবেক সরবরাহ করা হয়ে থাকে। আপিলকারীর ৩/১২/২০২৪ খ্রি. তারিখের দরখাস্ত আবেদনের সাথে উল্লেখ না থাকায় ক্রমিক ৩ ও ৬ নম্বরে যাচিত তথ্যাদি প্রদান করা সম্ভব হয়নি। ক্রমিক ৪, ৫ ও ৭ হতে ৯ নম্বরে যাচিত তথ্যাদি তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-২ এর উপধারা (চ) অনুসারে তথ্যের সংজ্ঞার আওতাভুক্ত নয়।

অতএব, আদেশ হয় যে,

আপিল আবেদনে ১ ও ২ নং ক্রমিকে যাচিত তথ্য জেলা প্রশাসকের

	কার্যালয়, পটুয়াখালী-এর রেকর্ডরুম হতে বিধি মোতাবেক আবেদন দাখিলের মাধ্যমে আপিলকারীকে সংগ্রহ করার জন্য বলা হলো। ক্রমিক ৩ ও ৬ নম্বরে যাচিত তথ্যাদি ৩/১২/২০২৪ খ্রি. তারিখের আবেদনের কপি আপিলকারী কর্তৃক দাখিলসাপেক্ষে সরবরাহের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)-কে নির্দেশনা প্রদান করা হলো। ৪, ৫ ও ৭ হতে ৯ নং ক্রমিকে যাচিত তথ্যাদি আইন মোতাবেক তথ্যের সংজ্ঞার আওতাভুক্ত নয় হেতু তা বিবেচনা করা যায়নি। দাখিলকৃত সকল প্রমাণাদি নথিতে সংযুক্ত করা হোক এবং সংশ্লিষ্ট সকলকে আদেশের কপি সরবরাহ করা হোক।	

22/04/2025

(মোঃ রায়হান কাওছার)
বিভাগীয় কমিশনার
বরিশাল

স্মারক নম্বর: ০৫.১০.০০০০.০১১.১০.০০১.২৫.৯৫

তারিখ : ০৯ বৈশাখ ১৪৩২ / ২২ এপ্রিল ২০২৫

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। সচিব, তথ্য কমিশন বাংলাদেশ, ঢাকা।

৪। জেলা প্রশাসক, পটুয়াখালী।

৫। সহকারী কমিশনার, আইসিটি শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল (এ কার্যালয়ের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)

৫। সহকারী কমিশনার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), জেলা প্রশাসকের কার্যালয়, পটুয়াখালী।

৬। জনাব মো: ইউসুফ আলী, গ্রাম: মিশ্রিপাড়া, পো: নতুনপাড়া, থানা: কলাপাড়া জেলা: পটুয়াখালী।

৭। অফিস কপি।

22/04/2025

(জাহিদুর রহমান)
সহকারী কমিশনার
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)